জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

প্রজ্ঞাপন

স্মারক নং-০৭(ঢ-৭১৭)জাতীঃবিঃ/কঃপঃ/০২৬ তারিখ: ০২/০১/২০২৪

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে বিবেচনায় নিয়ে পুনরাদেশ না দেয়া পর্যন্ত অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যের দায়িত্ব পালন প্রসঙ্গে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এই মর্মে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও প্রভাবমুক্ত করার লক্ষ্যে নির্বাচন কমিশনের কার্যক্রমের ধারাবাহিকতায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী যে সকল কলেজে গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে দায়িত্বরত আছেন সে সকল কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৯-এর ৭ ধারা মতে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের ক্ষমতাবলে সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো। প্রযোজ্য ক্ষেত্রে সভাপতির প্রতিস্বাক্ষরে বিদ্যোৎসাহী সদস্য পরিবর্তনের আবেদন করা হলে নতুন করে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের ব্যবস্থা করা হবে।

২। অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

৩। সম্মানিত সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারকে উপর্যুক্ত সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে তাদের আন্তরিক সহযোগিতা কামনা করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদক্রমে,

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার